

টেলিগ্রাম
বাংলাব্যাংক
ফ্যাক্স নং-৯৫৫০৮৫০
www.bangladeshbank.org.bd
www.bangladesh-bank.org

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিপার্টমেন্ট অফ অফসাইট সুপারভিশন
ফ্যাক্সযোগে প্রেরিত

ডিওএস সার্কুলার লেটার নং-১১

২৩ ভাদ্র, ১৪১২
তারিখ : -----
০৭ সেপ্টেম্বর, ২০০৫

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি পুসংগে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিদ্ধান্তক্রমে, নেগোসিয়েবল ইনস্ট্রুমেন্ট এ্যাক্ট ১৮৮১ এর ২৫ ধারা মোতাবেক সাপ্তাহিক ছুটি হিসেবে শুক্র ও শনিবার বাংলাদেশ ব্যাংক ও সকল তফসিলী ব্যাংকসমূহের অফিস বন্ধ থাকবে এবং নিম্নরূপভাবে অফিস কার্যকাল ও লেনদেন সময়সূচী পালিত হবে :-

দিবস	অফিস সময়সূচী	লেনদেন সময়সূচী
রবিবার হতে বৃহস্পতিবার	সকাল ৯.০০ টা থেকে বিকেল ৫.০০ টা পর্যন্ত (বেলা ১.০০ টা থেকে ১.৩০ মিঃ পর্যন্ত বিরতি)।	সকাল ৯.০০ টা থেকে বিকেল ৩.০০ টা পর্যন্ত।

১.০০ টা হতে ১.৩০ মিঃ পর্যন্ত বিরতিকালীন সময়ে লেনদেনের কাজ অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

নৌ, স্থল ও বিমান বন্দরে অবস্থিত শাখাগুলো বিশেষত বৈদেশিক বাণিজ্য সংশ্লিষ্ট শাখাগুলো বিদ্যমান ব্যবস্থা মোতাবেক প্রয়োজনানুসারে সাপ্তাহিক/সরকারী ছুটির দিনে খোলা রাখতে হবে।

এই নির্দেশ ০৯-০৯-২০০৫ ইং তারিখ থেকে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ গোলাম মোস্তফা)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৫০৪৩৭